জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।
www.jb.com.bd

এডিসি অ্যান্ড আইটি সার্ভিস
ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
ফোনঃ ০২-৪১০৭০৯৮৬

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ঃ ১৪১৭/২৬

তারিখ ঃ ২২ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ
০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় ঃ জনতা ব্যাংক পিএলসি. এর মার্চেন্ট গ্রাহকদের প্রবর্তিত Bangla QR (Acquire) এর নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৪১০/২৬, তারিখ-২৮/০৬/২০২৬ এর কতিপয় ধারা সংযোজন/পরিবর্তন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,
জনতা ব্যাংক পিএলসি. এর মার্চেন্ট গ্রাহকদের Bangla QR (Acquire) প্রদানের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৪১০/২৬, তারিখ-২৮/০৬/২০২৬ জারী করা হয়েছে। জারীকৃত উক্ত সার্কুলারের নিম্নবর্নিত বিষয়সমূহ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংযোজন/পরিবর্তন করা হলো।

১. ব্যাংকের Short Notice Deposit (SND) হিসাবধারী গ্রাহকদের অনুকূলে Bangla QR ইস্যু করা যাবে।

২. বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট-০২ এর সার্কুলার লেটার নং-০৫, তারিখ ঃ ০১/০৭/২০২৬ এর নির্দেশনার আলোকে NPSB এর ক্ষেত্রে Merchant Discount Rate (MDR) হবে ১.০০% (ভ্যাটসহ)। MDR হ্রাস পাওয়ায় মার্চেন্টের জন্য Bangla QR ব্যবহার করা আরও লাভজনক হবে।

৩. উপরোক্ত নির্দেশনা ০১/০৭/২০২৬ তারিখ থেকে কার্যকর হবে এবং নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৪১০/২৬, তারিখ-২৮/০৬/২০২৬ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

পরিবর্তিত নীতিমালায় গ্রাহকদের Bangla QR সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং অধিক সংখ্যাক গ্রাহককে অত্র ব্যাংকের মার্চেন্ট গ্রাহক হিসাবে Bangla QR প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে পরামর্শ প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত

(মোঃ মনিরুল হক)
উপমহাব্যবস্থাপক

২২/০৭/২৬
(মোহাম্মদ আনিস)
মহাব্যবস্থাপক